



শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

নং: এসএমইউসিটি/প্রশা/সাধা/নোটিশ/২৬/০৬/১২৫

তারিখ: ১৪-১০-২০২৬ খ্রি:

আইডি কার্ড (ID Card) পরিধান ও ব্যবহার সংক্রান্ত নোটিশ

বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ও শৃঙ্খলা রক্ষার্থে প্রবেশ এবং প্রস্থানের ক্ষেত্রে ফিঙ্গার (Finger)/বায়োমেট্রিক (Biometric) ব্যবহার না করে শুধুমাত্র আইডি কার্ড (ID Card) ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে।

সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ও বাসে আইডি কার্ড (ID Card) ব্যবহার বাধ্যতামূলক। তাই, SMUCT-এর সকল সদস্যকে ক্যাম্পাসের ভেতরে, ক্লাস রুম /অফিস রুম ও বাস সার্ভিসের ক্ষেত্রে দৃশ্যমানভাবে আইডি কার্ড পরিধান করতে হবে। বিভাগীয় প্রধান ও কর্মকর্তাদের এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

নিরাপত্তা ইন-চার্জ অতিথি ও দর্শনার্থীদের জন্য 'ভিজিটর পাস' (Visitor Pass) চালুর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

প্রক্টোরিয়াল বডিকে উক্ত নির্দেশনা যথাযথভাবে পালন করা হচ্ছে কি না তা তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষার্থী উপদেষ্টা এবং স্ব-স্ব উইং হেডগণকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

এই নোটিশটি ভাইস-চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক জারি করা হলো।

14.10.26

(ড. পাড় মশিহুর রহমান)
রেজিস্ট্রার



অনুলিপি :

১. সংশ্লিষ্ট সকল
২. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অবগতির জন্য)
৩. সচিব, বোর্ড অব ট্রাস্টিজ (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
৪. নোটিশ বোর্ড /অফিস নথি